প্রধান প্রকৌশলী
এলজিইডি
পত্র নং..........
স্বাক্ষরঃ..........
তারিখঃ..........


বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
একাউন্টস্ এন্ড রিপোর্ট উইং
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cag.org.bd


নং-সিএজি/রি-২/পাপস্থাঅঃঅঃ/এলজিইডি/ব্রডশীট/২০০৯-২০১০/৯৬(২০২০)/১৪১ তারিখ: ২১/০৭/২০২০ খ্রিঃ।

**বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ২০০৯-২০১০ অর্থ বছরের বার্ষিক অডিট রিপোর্টভূক্ত অনুচ্ছেদ নং ৪(৩) ও ৬(৫) এর ব্রডশীট জবাবের উপর মন্তব্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ নং-ডিজি/পাঃপঃস্থাঃপ্রঃঅঃঅঃ/সে-৬/এলজিইডি/২০০৯-১০/ব্রঃজবাব/৫১/০২, তারিখ: ১৮/০২/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে এ কার্যালয়ের মন্তব্য নিম্নরুপঃ

| অডিট রিপোর্টের সন, অনুচ্ছেদ নং | মন্ত্রণালয়/ সংশ্লিষ্ট দপ্তরের নাম ও জড়িত টাকা | আপত্তির শিরোনাম | সিএজি কার্যালয়ের মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| সনঃ ২০০৯-২০১০ অনুচ্ছেদ নংঃ ৪(৩) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি। সংশ্লিষ্ট অফিসের জড়িত টাকাঃ ৩৭,৭৪,৯৬৩/- | পর্যাপ্ত বরাদ্দ না থাকা সত্ত্বেও দরপত্র আহ্বান ও কার্যাদেশ প্রদান করে সরকারের ৮৮,০৮,০০,৩০৬/- টাকা দায়-দেনার সৃষ্টি। | অনুচ্ছেদটির সংশ্লিষ্ট অংশে [৪(৩)] জড়িত টাকার পরিমাণ ৩৭,৭৪,৯৬৩ টাকা। কিন্তু Carried Over Scheme এর যে তালিকা দেওয়া হয়েছে, তাতে উল্লিখিত টাকা অন্তর্ভুক্ত কি না তা স্পষ্ট নয়। স্পষ্ট প্রমাণকসহ পুনঃজবাব প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। |
| সনঃ ২০০৯-২০১০ অনুচ্ছেদ নংঃ ৬(৫) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি। সংশ্লিষ্ট অফিসের জড়িত টাকাঃ ৫,৯৫,৯৩৭/- | বিভাগী স্যালভেজ মালামালের মূল্য আদায় না করে ঠিকাদারের বিল চূড়ান্ত করায় ৬৮,৯৭,০৪২/- টাকা ক্ষতি। | অনুচ্ছেদটির সংশ্লিষ্ট অংশে [৬(৫)] জড়িত টাকার পরিমাণ ৫,৯৫,৯৩৭ টাকা। কিন্তু প্রাপ্ত এমবি এর যে কপি (এমবি এর পৃষ্ঠা ৭-৮) প্রেরণ করা হয়েছে, তাতে দেখা যায় বিভাগীয় স্যালভেজ মালামালের মূল্য বাবদ কর্তন করা হয়েছে ৪৮,০৪,৩৪৩ টাকা। এতে প্রতীয়মান হয় যে, প্রাপ্ত এমবি এর কপি অন্য কোন কাজের, যা কোনভাবেই সংশ্লিষ্ট অনুচ্ছেদের জন্য প্রযোজ্য নয়। অধিদপ্তর কর্তৃক যাচাই-বাছাই ছাড়াই নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। অনুচ্ছেদ সংশ্লিষ্ট প্রমাণকসহ পুনঃজবাব প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। |

স্বাক্ষরিত
(মোহাম্মদ শাহজাহান)
সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রিপোর্ট-২)
ফোন : ৯৩৩৩১৪৬

মহাপরিচালক
পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং-সিএজি/রি-২/পাপস্থাঅঃঅঃ/এলজিইডি/ব্রডশীট/২০০৯-২০১০/৯৬(২০২০)/১৪১ তারিখ: ২১/০৭/২০২০ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা।
২। পিএ টু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র), সিএজি কার্যালয়।
৩। পিএ টু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর), সিএজি কার্যালয়।
৪। পিএ টু এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (পার্লামেন্ট), সিএজি কার্যালয়।
৫। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ সামসুর রহিম সরকার)
অডিট এন্ড একাউন্টস অফিসার
রিপোর্ট-২ শাখা।